# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**01 APRIL 2025** **7:45—7:55 PM IST**

**=========================================================**

আজকের বিশেষ বিশেষ খবর হলো ------

-------------------------------------------------------------

১) রাজ্যে আজ থেকে ঘরোয়া বিদ্যুৎ গ্রাহকদের জন্য বিদ্যুৎ মাশুল প্রতি ইউনিট ২৫ পয়সা থেকে ১ টাকা পর্যন্ত হ্রাস ।

২) আগামী ৫ এপ্রিলের পূর্বে পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা করার সম্ভাবনা ।

৩) সুলভ স্বাস্থ্যসেবা এবং উন্নত পরিকাঠামোর জন্য জেলা স্বাস্থ্য সমিতিগুলোর উদ্যোগে রাজ্যব্যাপী স্বাস্থ্য ও কল্যাণ শিবিরের আয়োজন ।

এবং

৪) রাভা-হাসং স্বশাসিত পরিষদের নির্বাচনের প্রস্তুতি সম্পূর্ণ । আগামীকাল সকাল ৭টা থেকে বিকেল ৩টা পর্যন্ত ভোট গ্রহণ ।

-------------------------------------------------------------------------------------

রাজ্যে আজ থেকে ঘরোয়া বিদ্যুৎ গ্রাহকদের জন্য বিদ্যুৎ মাশুল প্রতি ইউনিট ২৫ পয়সা থেকে ১ টাকা পর্যন্ত হ্রাস করা হয়েছে । সাধারণ গ্রাহক সহ শিল্পদ্যোগ , কারখানা , কৃষি ইত্যাদি বাণিজ্যিক সংযোগ থাকা গ্রাহকদের ক্ষেত্রে প্রতি ইউনিটে ২৫ পয়সা করে মাশুল হ্রাস করা হয়েছে । তবে গ্রাহকরা আগামী মে মাসের বিদ্যুৎ মাশুল প্রদানের সময় থেকে এর প্রতিফলন দেখতে পাবেন । আসাম বিদ্যুৎ বিতরণ কোম্পানী লিমিটেড ( এ পি ডি সি এল ) আজ থেকে তিনটি পর্যায়ে বিদ্যুৎ মাশুল সংগ্রহ করবে । এই অনুসারে দিনের বেলা , সন্ধ্যা এবং রাত্রিবেলা এই ৩টি পর্যায়ে পৃথক পৃথক

ভাবে বিদ্যুৎ মাশূল সংগ্রহ করা হবে । গ্রাহকরা নিজেদের পছন্দ অনুসারে এই তিনটি পর্যায়ের যেকোন একটি সময়ে বিদ্যুৎ মাশুল প্রদান করতে পারবেন । এই তিন পর্যায়ের পদ্ধতির অধীনে নর্মাল আওয়ারে অর্থাৎ রাত ১০টা থেকে সকাল ৯টা পর্যন্ত সাধারণ নিরিখে মাশুল সংগ্রহ করা হবে । সকাল ৯টা থেকে ৫টা পর্যন্ত সলার আওয়ার হিসেবে নিরিখে ২০ শতাংশ মাশুল কম করে সংগ্রহ করা হবে । অন্যদিকে সন্ধ্যা ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত পিক আওয়ারে বিদ্যুৎ মাশুল সাধারণ নিরিখের ১শো ২০ শতাংশ হবে ।

উল্লেখ্য যে আগামী নভেম্বর - ডিসেম্বর মাস থেকে বিদ্যুৎ মাশুল পুনরায় হ্রাস পাবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা

বিদ্যুৎ মাশুল হ্রাস - ২ ০১ - ০৪ - ২০২৫

৭টা - ৪৫ মিনিট ।

-----------------------------------------------------------

ইতিমধ্যেই ঘোষণা করেছেন । আসাম বিদ্যুৎ নিয়ামক আয়োগ গত ২৫ মার্চ আজ থেকে প্রযোজ্য হওয়া বিদ্যুতের নতু নিরিখ সম্পর্কে একটি নির্দেশনা জারী করেছে । আসাম বিদ্যুৎ বিতরণ কোম্পানী ( এ পি ডি সি এল ) , আসাম বিদ্যুৎ গ্রীড কোম্পানী এবং রাজ্য ভার বিতরণ কেন্দ্রের আবেদনের ওপর ভিত্তি করে এই নতুন নিরিখ সম্পর্কে নির্দেশনা জারী করেছে । আয়োগ সব পক্ষের মতামত গ্রহণ করার পর সাধারণ গ্রাহক এবং জীবনধারা প্রকল্পের অধীন গ্রাহকদের জন্য প্রতি ইউনিট বিদ্যুৎ মাশুল ১টাকা পর্যন্ত হ্রাস করার সিদ্ধান্ত গ্রহণ করে । এর বাইরে অন্যান্য গ্রাহকদের জন্য ইউনিট প্রতি ২৫ পয়সা বিদ্যুৎ মাশুল হ্রাস করার নির্দেশ প্রদান করা হয়েছে ।

উল্লেখ্য যে এ পি ডি সি এলের দাখিল করা আবেদনে ২০২৫-২৬ সালে বিদ্যুৎ মাশুলের নতুন নিরিখ নির্ধারিত করার প্রস্তাব দেওয়া হয় নি । আসাম বিদ্যুৎ নিয়ামক আয়োগ সাধারণ গ্রাহক , বিদ্যুতের উৎপাদন , বিতরণ এবং গ্রীডের তিনটি কোম্পানীর স্বার্থের প্রতি লক্ষ্য রেখে এই নিরিখ নির্ধারণ করেছে । এর আগে আয়োগ সংশ্লিষ্ট সব পক্ষের মতামত গ্রহণ করা ছাড়াও গত ১২ মার্চ আয়োগের কার্যালয়ে গণ শুনানি গ্রহণ করেছিল । ওই শুনানিতে মোট ১২টি পক্ষ বিদ্যুৎ নিরিখের আবেদন সম্পর্কে নিজেদের মতামত প্রদান করেছিল ।

---------------------------------------------------------------------------------

আগামী ৫ এপ্রিলের পূর্বে পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা করার সম্ভাবনা রয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানান ।মুখ্যমন্ত্রী বিশ্বনাথে আয়োজিত এক অনুষ্ঠানে একথা জানান ।এই অনুযায়ি গতকাল বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া পঞ্চায়েত

নির্বাচনের জন্য ৩১ টি জেলায় প্রভারী এবং সহ প্রভারী নিয়োগ করেছেন ।১৪ জন মন্ত্রীকে জেলা প্রভারীর বিশেষ নির্বাচনী দায়িত্ব অর্পণ করা হয়েছে । এছাড়া রাজ্য বিজেপি পঞ্চায়েত নির্বাচনের জন্য মন্ত্রী পীযুষ হাজারিকাকে আহ্বায়ক মনোনীত করে একটি নির্বাচনী ব্যবস্থাপনা কমিটি এবং মন্ত্রী রঞ্জিত কুমার দাসকে আহ্বায়ক মনোনীত করে ইস্তাহার কমিটি গঠন করেছে ।দুদিনের বিশ্বনাথ সফরের আজ শেষদিনে মুখ্যমন্ত্রী দশম শ্রেণীতে পাঠরত দুস্থ পরিবারের শিক্ষার্থীদের একাউন্টে ছমাসের জন্য প্রতি মাসে ৩০০ টাকা করে টিউশন ফিস বাবদ প্রদান করা হবে বলেও ঘোষণা করেছেন ।তিনি বলেন ----

বাইট

মুখ্যমন্ত্রী আজ মহিলা উদ্যমিতা প্রকল্পের ও উদ্বোধন করেন ।এই প্রকল্পের মাধ্যমে রাজ্য সরকার আসামের ক্ষুদ্র শিল্প উদ্যোগিদের অনুপ্রেরণা যোগানোর লক্ষ্য নির্ধারণ করেছে বলে তিনি জানান ।আগামী সেপ্টেম্বর মাসে আরও ৬ লক্ষ রেশন কার্ড বিতরণ করা হবে বলে তিনি উল্লেখ করেন ।

---

কৃষকদের আয় বৃদ্ধির জন্য রাজ্য সরকার আজ থেকে কার্যকর হওয়া ধান এবং শষ্যের নুন্যতম সমর্থন মূল্য বৃদ্ধি করেছে । এ সম্পর্কে কৃষি বিভাগ থেকে জানানো হয়েছে যে সংগৃহিত ধানের ক্ষেত্রে প্রতি কুইন্টালে ২শো ২৫ টাকা করে এবং শষ্য প্রতি কুইন্টাল ৫শো টাকা করে বৃদ্ধি করা হয়েছে । ফলে এখন থেকে ধানের ক্ষেত্রে পূর্ব নির্ধারিত নুণ্যতম সমর্থন মূল্য ২ হাজার ৩শো টাকা থেকে ২ হাজার ৫শো ৫০ টাকা এবং শষ্য ৫ হাজার ৯শো ৫০ টাকা থেকে ৬ হাজার ৪শো ৫০ টাকা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে ।

---

রাজ্যের স্বাস্থ্য সেবার পরিকাঠামো অধিক শক্তিশালী করা তথা জনসাধারণের জন্য গুণগত চিকিৎসা সুনিশ্চিত করার লক্ষ্যে আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে জেলা স্বাস্থ্য সমিতিগুলোর উদ্যোগে স্বাস্থ্য ও কল্যাণ শিবিরের আয়োজন করা হয়েছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার উপস্থিতিতে বিশ্বনাথে ওদালগুরি জেলা স্বাস্থ্য সমিতির উদ্যোগে আজ স্বাস্থ্য ও কল্যাণ শিবির অনুষ্ঠিত হয় ।

---

জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে আয়োজিত স্বাস্থ্য মেলা আজ সোনাখিরা চা বাগান এলাকার এস পি রায় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে । স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত তথা অতিরিক্ত আয়ুক্ত মির্নাভা দেবী আরামবাম এই স্বাস্থ্য মেলার উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্ঠানে যুগ্ম-স্বাস্থ্য সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং , অতিরিক্ত মুখ্য

চিকিৎসা আধিকারীক ডক্টর মতীন্দ্র সূত্রধর , শ্রীভূমি সিভিল হাসপাতালের সুপার ডক্টর লিপি দেব সিনহা প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের জন্য সংযুক্ত পেনসন প্রকল্প আজ থেকে কার্যকর করা হয়েছে । কেন্দ্রীয় সরকারের জাতীয় পেনসন ব্যবস্থার অধীনে একটি বিকল্প ব্যবস্থা হিসেবে এই প্রকল্প প্রবর্তন করা হয়েছে । পেনসন তহবিল নিয়ামক এবং উন্নয়ন কতৃপক্ষ ( পি এফ আর ডি ) সম্প্রতি এই প্রকল্পের কার্যকারিতা সম্পর্কে নীতি-নির্দেশনা প্রকাশ করেছে ।

-----------------------------------------------------------------------------------------

আগামীকাল রাভা -হাসং স্বশাসিত পরিষদের নির্বাচনের জন্য প্রস্তুতি সম্পূর্ণ । গোয়ালপারা এবং কামরূপ জেলার মোট ৩৩ টি পরিষদীয় এলাকায় আগামীকাল সকাল সাতটা থৈকে বিকেল তিনটে পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে ।উল্লেখ্য গোয়ালপারা জেলার১৯ টি এবং কামরূপ জেলার ১৪ টি রাভা হাসং স্বশাসিত পরিষদীয় এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হবে ।আকাশবাণীর গোয়ালপারা সংবাদদাতা জানিয়েছেন যে জেলার ৩৬২ টি ভোটগ্রহণ কেন্দ্রে ২ লক্ষ ৪০ হাজার ২৫ জন ভোটদাতা ৫২ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন ।কামরূপ জেলার ১৪ টি পরিষদীয় এলাকায় ১ লক্ষ ৬৮ হাজার ৬৬৮ জন ভোটদাতা ভোট দান করবেন ।আগামী চৌঠা এপ্রিল নির্বাচনের ফলাফল ঘোষণা করা হবে ।এদিকে এই নির্বাচনের পরিপ্রেক্ষিতে উভয় জেলার পরিষদীয় এলাকাগুলোতে বন্ধ ঘোষণা করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের তিন বছরের স্নাতক এবং চার বছরের নতুন স্নাতক পাঠ্যসূচীর দ্বিতীয় , চতুর্থ এবং ষষ্ঠ সেমিষ্টারের পরীক্ষার দিন চলতি সপ্তাহে ঘোষণা করা হবে বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে । বিশ্ববিদ্যালয় অনুমোদিত মোট ৬৩ টি কলেজের বিজ্ঞান , কলা , বানিজ্য , বিজনেস এডমিনিষ্ট্রেশন এবং ভোকেশনাল বিভাগের প্রায় ৬৫ হাজার ছাত্রছাত্রী এই পরীক্ষায় অবতীর্ণ হবে ।

-----------------------------------------------------------------------------------------

সোসাইটি ফর পলিটিক্যাল অ্যানালাইসিস সংস্থার উদ্যোগে আজ শিলচর প্রেস ক্লাবে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সন্তোষ মোহন দেবের ৯২তম জন্ম দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে রাজনীতির সেকাল ও একাল শীর্ষক বিষয়ের উপর আয়োজিত আলোচনা সভায় কবি-সাংবাদিক অতীন দাশ , বাবুল হোড় , প্রেস ক্লাবের সম্পাদক শংকর দে প্রমূখ বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজের শিক্ষা বিভাগের উদ্যোগে আজ কলেজ প্রাঙ্গনে সারা আসাম বড়ো ছাত্র সংস্থার সভাপতি বডোফা উপেন্দ্র নাথ ব্রহ্মের ৬৯তম জন্ম-জয়ন্তী ছাত্র দিবস হিসেবে পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ কলেজের সম্মেলন কক্ষে উপেন্দ্র নাথ ব্রহ্মের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয় । পরে পিছিয়ে পড়া বড়ো সমাজের সামাজিক , শৈক্ষিক , অর্থনৈতিক উন্নয়নে উপেন্দ্র নাথ ব্রহ্মের অবদান সহ জীবন ও আর্দশ নিয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরী , শিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান ডক্টর সন্তোষ বড়ো প্রমূখ বক্তব্য রাখেন ।

উল্লেখ্য উপেন্দ্র নাথ ব্রহ্মের জন্ম দিন গতকাল ছিল কিন্তু গতকাল সরকারী ছুটি থাকায় ছাত্র দিবস আজ পালন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

শিলচর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দ্বিতীয় পুলিন দাস ট্রফি অনুর্ধ-১৪ আন্ত:জেলা ক্রিকেটের দক্ষিন আসাম জোনের বি গ্রুপের খেলায় শিলচর দল ১৬৮ রানে পশ্চিম কার্বি আংলং দলকে পরাজিত করে । প্রথমে ব্যাট করে শিলচর দল ১০ উইকেট হারিয়ে ২০২ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে পশ্চিম কার্বি আংলং দল ১০ উইকেট হারিয়ে মাত্র ৩৪ রান তুলতে সক্ষম হয় ।

স্থানীয় সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় হাইলাকান্দি খেলবে শ্রীভূমি দলের বিরুদ্ধে ।

-----------------------------------------------------------------------------------------